

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর
সিবিএইচসি কার্যালয়
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/সিলেট বিঃ/শৃংখলা-৫৯/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ হিফজুর রহমান (রিজভী), কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার লেঙ্গুড়া ইউনিয়নের নগরডেংগী কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ০৮/১০/২০১৬ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।


যেহেতু, আপনার কর্মস্থল সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার লেঙ্গুড়া ইউনিয়নের নগরডেংগী কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ০৮/১০/২০১৬ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট পত্র মারফত সিবিএইচসি কার্যালয়কে অবগত করেন যে, আপনি গত ০১/১০/২০১৬ ইং তারিখ হতে ০৭/১০/২০১৬ ইং তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটিতে যান। গত ০৮/১০/২০১৬ ইং তারিখ কর্মস্থলে যোগদান করে যথারীতি দায়িত্ব পালন করার কথা, কিন্তু আপনি উক্ত দিন কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আপনার সাথে মোবাইল ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে, আপনার ফোন বন্ধ পাওয়া যায়। এছাড়াও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য বেশ কয়েকবার পত্র দেওয়ার পরও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেন নাই। আপনার এহেন দায়িত্বহীন কার্যকলাপ এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে এবং কমিউনিটি ক্লিনিকের দৈনন্দিন কার্যক্রমে ব্যাঘাত ঘটছে, যা সরকারী কর্মচারী আচরণ বিধি পরিপন্থি। অর্থাৎ কর্তৃপক্ষের আদেশ অমান্য করে দায়িত্বে অবহেলা এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” এবং “বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” হিসাবে গণ্য;

যেহেতু, সিএইচসিপি, জনাব মোঃ হিফজুর রহমান (রিজভী) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন নাই এবং গত ০৮/১০/২০১৬ ইং তারিখ হতে অধিক সময় কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন সেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তার কৃত অপরাধের জন্য সিএইচসিপি পদের চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, এক্ষণে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(সি) বিধিতে বর্ণিত ডিজারসনের অপরাধে দোষী সাব্যস্ত হওয়ায় উক্ত বিধিমালার ৪(৩)(সি) অনুযায়ী সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার লেঙ্গুড়া ইউনিয়নের নগরডেংগী কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব মোঃ হিফজুর রহমান (রিজভী)-কে ০৮/১০/২০১৬ ইং তারিখ হতে অননুমোদিত অনুপস্থিতির কারণে সিএইচসিপি পদের চাকুরী হতে অপসারণ (Removal from Service) করা হলো।

এই আদেশ সিএইচসিপি, জনাব মোঃ হিফজুর রহমান (রিজভী)-এর অননুমোদিত অনুপস্থিতির ০৮/১০/২০১৬ ইং তারিখ থেকে কার্যকর হবে এবং জনস্বার্থে জারী করা হলো।



(ডাঃ মোঃ আবুল হাসেম খান)
লাইন ডাইরেক্টর
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/সিলেট বিঃ/শৃংখলা-৫৯/২০১৬/ ৫২৯/১ (৩২)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

তারিখঃ ২০/১০/২০১৭ ইং

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, প্রঃ বাঃ- ৩)।
২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
৩. পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৪. সিভিল সার্জন, সিলেট।
৫. প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন ও অর্থ), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৬. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট (স্থানীয় ব্যবস্থাপনায় কমিউনিটি ক্লিনিকটি চালু রাখা এবং সংশ্লিষ্ট সিএইচসিপির নিকট হতে সরকারী মালামাল বুঝিয়ে নেওয়ার অনুরোধ সহ)।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
১০. কর্মস্থলঃ- জনাব মোঃ হিফজুর রহমান (রিজভী), সিএইচসিপি, নগরডেংগী কমিউনিটি ক্লিনিক, ইউঃ- লেঙ্গুড়া, উপঃ- গোয়াইনঘাট, জেলা- সিলেট
১১. স্থায়ী ঠিকানাঃ- জনাব মোঃ হিফজুর রহমান (রিজভী), সিএইচসিপি, গ্রাম- লেংগুড়া, ডাকঘর- গোয়াইনঘাট, উপজেলা- গোয়াইনঘাট, জেলা- সিলেট
১২. অফিস কপি।


(ডাঃ মাসুদ রেজা কবীর)
প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন ও অর্থ)
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।